# পোর্টাল প্রশিক্ষণ নির্দেশিকা


পোর্টাল নির্দেশিকা প্রণয়নে

জনাব দৌলতুজ্জামান খান (ডোমেইন এক্সপার্ট, এ টু আই)


শিশির রঞ্জন রায়(আইটি সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট, এ টু আই)

মুহাম্মদ তারিক(আইটি সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট, এ টু আই)

বোরহান উদ্দিন(হেল্পডেস্ক সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট, এ টু আই)

# ১ম অধ্যায়

## ওয়েব পোর্টাল সম্পর্কিত ধারনাঃ




## অনুচ্ছেদ-১

সকল ওয়েব পোর্টালের গঠন সাধারণত একই, কারন একটি ফ্রেমওয়ার্ক দ্বারা পোর্টাল গঠন করা হয়েছে। আর প্রত্যেক ওয়েব পোর্টাল এড্রেসের গঠন ও একই শুধু মন্ত্রণালয় বা অধিদপ্তর অনুযায়ী Domain Name ভিন্ন। যেমনঃ মন্ত্রিপরিষদ বিভাগের Domain Name “cabinet” সেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব পোর্টাল এড্রেস হবে “pmo.portal.gov.bd”।

## অনুচ্ছেদ-২

একই ভাবে সকল মন্ত্রণালয় বিভাগ ও অধিদপ্তর অনুযায়ী শুধু Domain Name ভিন্ন কিন্তু portal.gov.bd সকল ক্ষেত্রে ঠিক থাকবে, অর্থাৎ ‘xxxxxxx.portal.gov.bd’ ।

**বিঃদ্রঃ** প্রশিক্ষণ চলাকালীন সময়য় পোর্টাল এড্রেস হবে ‘cabinet.portal.com’ । অর্থাৎ ‘xxxxx.portal.gov.bd’ । প্রশিক্ষণ শেষে পোর্টাল যথোপযুক্ত হবার পর পোর্টাল এড্রেস হবে ‘www.pmo.gov.bd’ অর্থাৎ ‘www.xxxxx.gov.bd’ ।

## অনুচ্ছেদ-৩

ওয়েব পোর্টাল এ সবার উপরে যে কালো একটি বার দেখা যায় একে বলা হয় নেভিগেশন বার, এই নেভিগেশন বারের ডান দিকে যে বক্সটি রয়েছে এটি হল সার্চ বক্স, কোন তথ্য খুঁজতে চাইলে এই বক্সে লিখে go button এ ক্লিক করলেই সার্চ করবে, এবং কাঙ্খিত ফলাফল দেখাবে। এছাড়াও ভাষা পরিবর্তন করা যায়, যেহেতু পোর্টাল বাংলা ও ইংরেজী উভয় ভাষায় তৈরি করা তাই English tab টিতে ক্লিক করলেই পোর্টাল ইংরেজিতে দেখাবে, বাইডিফল্ট বাংলায় পোর্টাল দেখাবে।





## অনুচ্ছেদ-৪

কালো বার টির বাম দিকে একটি নেভিগেশন আইকন রয়েছে ☰ এই আইকনে ক্লিক করলে কালো বারটি একটু বড় হয়ে নিচে নেমে আসবে, নিচের চিত্রের ন্যায়




## অনুচ্ছেদ-৫

উপরের ছবিতে কালো বারের মাঝে একটি সাদা ড্রপ ডাউন বক্স রয়েছে "বাছাই করুন" নামে, এই বক্সটি দ্বারা বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরের পোর্টাল সমূহ খুঁজে পাওয়া যাবে। এতে করে ওয়েব এড্রেস মনে রাখার প্রয়োজন নেই।



## অনুচ্ছেদ-৬

ওয়েব পোর্টাল এ কালো নেভিগেশন বারের নিচে যে ছবি গুলো স্লাইড আকারে দেখায় একে বলা হয় ব্যানার, ব্যানার সাধারনত চারটি দেখায়, ব্যানার এর সাইজ হল (৯৬০*২২০) পিক্সেল, অর্থাৎ দৈর্ঘ্য ৯৬০ পিক্সেল এবং উচ্চতা ২২০ পিক্সেল।




## অনুচ্ছেদ-৭

ব্যানার এর নিচের অংশটুকুকে বলা হয় মেইন মেন্যু বা মেগা মেন্যু ।





প্রত্যেকটি মেন্যুর আওতায় আবার ২ টি ক্লাস্টার রয়েছে, এটি মেন্যু লেভেল নামে ও পরিচিত। আমরা ব্রাউজারে যে মেন্যুগুলো দেখতে পাই এটা হল প্রথম লেভেল মেন্যু



## অনুচ্ছেদ-৮

যখন মেন্যুগুলোর উপর মাউস কার্সর নিব তখন দেখা যাবে ঐ মেন্যুর আওতায় ২ টি ক্লাস্টার দেখাবে, নিচের ছবির মত





## অনুচ্ছেদ-৯

ওপরে ছবিতে লাল চিহ্নিত স্থানগুলো “বিভাগীয় কমিশনারের কার্যালয়” হল ক্লাস্টার ২ বা ২য় লেভেল । “সাংগঠনিক কাঠামো, চার্টার অব এবং কমিশনারের তালিকা” হল ক্লাস্টার ৩ বা ৩য় লেভেল।

১ম লেভেল মেন্যুতে কোন তথ্য থাকবেনা। ২য় লেভেল মেনুতে ও কোন তথ্য থাকবে না, শুধু ৩য় লেভেল মেনুতে তথ্য থাকবে।


## অনুচ্ছেদ-১০

মেইন মেনুর নিচের অংশ নোটিশ বোর্ড, খবর, সার্ভিস বক্স বা সেবা বক্স এবং মেইন মেন্যুর নিচে ডান দিকে থাকে সাইড মেন্যু বা সাব মেন্যু যা এই পোর্টালে Block নামে পরিচিত ।




## অনুচ্ছেদ-১১

নোটিশ অংশে বিভিন্ন নোটিশ দেখাবে, নোটিশ চারটি দেখাবে বাকী নোটিশগুলো সকল বাটনে এ ক্লিক করলে দেখাবে । সবার শেষে যে নোটিশটি দেয়া হবে তা সবার আগে দেখাবে । এই ভাবে ক্রমানুযায়ী চারটি নোটিশ প্রদর্শিত হবে ।





## অনুচ্ছেদ-১২

খবর অংশে বিভিন্ন খবর দেখাবে । খবরগুলো স্ক্রল হয় নিচ থেকে উপরে, পরপর ৪ টি খবর স্ক্রল করে বাকীগুলো সকল বাটনে ক্লিক করলে দেখা যাবে।




## অনুচ্ছেদ-১৩

সার্ভিস বক্স বা সেবা বক্স অংশে সেবা বক্স থাকে, এই অংশে সাধারণত চারটি সেবা বক্স দেয়া যাবে



## অনুচ্ছেদ-১৪

প্রতিটি সেবা বক্স চারটি লিঙ্ক থাকে, আর এই লিঙ্কগুতেই তথ্য সন্নিবেশিত থাকবে । প্রটিতি সেবা বক্সে একটি ছবি দেয়া যাবে, ছবির সাইজ হল (১৩৫* ১১৫) পিক্সেল ।





## অনুচ্ছেদ-১৫

মেইন মেন্যুর নিচে ডান দিকের অংশে যে সাইড মেন্যু রয়েছে এই সাইড মেন্যু আবার কয়েকটি অংশে বিভক্ত রয়েছে এবং এই প্রতিটি ভাগের জন্য আলাদা আলাদা Block ও কন্টেন্ট টাইপ রয়েছে।




## অনুচ্ছেদ-১৬

ওয়েব পোর্টালের একেবারে নিচে রয়েছে ফুটার অংশ, এই অংশে ফুটার মেন্যু তৈরি করে দেয়া যাবে । এছাড়াও পোর্টাল বাস্তবায়নে কারিগরি সহযোগিতায় নিয়োজিত প্রতিষ্ঠান, সর্বশেষ আপডেটের তারিখ ও অন্যান্য নিয়মাবলী রয়েছে।



## Content Type Views Relationship

| Content type | View Type | path |
|---|---|---|
| | | |
| ইভেন্ট | Page View | /site/view/events |
| নোটিস | Page View+block View | /site/view/notices |
| সেবাবক্স | Block View | |
| ব্যানার | Block View | |
| কেন্দ্রীয় ই-সেবা | Block View | |
| খবর | Page View+Block View | /site/view/news |
| অনুবিভাগ | Block View, Page View | /site/view/subdivision |
| ফটোগ্যালারী | Page View | /site/view/photogallery |
| প্রকল্প | Page View | /site/view/projects |
| বিভিন্ন ফরম | Page View | /site/view/lwa_forms<br>/site/view/ mwr_forms<br>/site/view/ inspection_form |
| বার্ষিক প্রতিবেদন | Page View | /site/view/annual-report |
| প্রকাশনা | Page view | /site/view/publication |
| বিজ্ঞপ্তি ও প্রজ্ঞাপন | Page View | /site/view/notification-circular |
| প্রেস রিলিজ | Page View | /site/view/press-release |
| সংবাদ ও ঘটনাবলী | Page View | /site/view/ news-events |
| মাসিক কার্যসূচী | Page view | /site/view/monthly-schedule |
| প্রতিবেদন | Page View | /site/view/ report |
| অফিস আদেশ | Page View | /site/view/office-order |
| ফোকাল পয়েন্ট | Page View | /site/view/focal-point |
| নীতিমালা | Page View | /site/view/ policies |
| অফিসারদের তালিকা | Page View | /site/view/officer_list |

## অধ্যায়-২

# পোর্টালে পাসওয়ার্ড রিসেট করার পদ্ধতি


### অনুচ্ছেদ-১

যখন কোন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও অন্যান্য সংস্থার ওয়েব পোর্টাল নির্মাণ কাজ শুরু করার জন্য পোর্টালে ইউজার একাউন্ট তৈরির প্রয়োজন হবে। ইউজার মেইল আইডিই হবে পোর্টালের ইউজার আইডি। ইউজার আইডি হিসেবে যে ইমেইল ব্যবহার করা হবে সেই ইমেইলে একটি মেইল যাবে। নিচের ছবির মত -




### অনুচ্ছেদ-২

এবার আপনি Reset button এ ক্লিক করে পাসওয়ার্ড সেট করতে পারবেন। নিম্নরূপ একটি পেইজ আসবে-





এই পেইজে Password and confirm password ফিল্ডে আপনার কাঙ্খিত পাসওয়ার্ড (উভয় ফিল্ডে একই পাসওয়ার্ড দিতে হবে ) দিয়ে change password button এ ক্লিক করলে পাসওয়ার্ডটি সেট হবে । আপনার এই পাসওয়ার্ডটিই পরবর্তীতে পোর্টালে লগ ইন করার জন্য ব্যবহার করতে হবে।

# অধ্যায়-৩

# পোর্টাল লগ ইনঃ


**অনুচ্ছেদ-১**

যে কোন ব্রাউজারে আপনার নিজস্ব ওয়েব এড্রেস এর সাথে XXXXX.portal.gov.bd/user (যেমনঃ cabinet.portal.gov.bd/user) এই url টি লিখে enter প্রেস করলে একটি লগ ইন পেইজ আসবে। নিচের ছবির মত-





**অনুচ্ছেদ-২**

যদি কখনো আপনি পাসওয়ার্ড ভুলে যান, তাহলে লগ ইন পেইজে **forgot my password** এ ক্লিক করলে একটি পেইজ আসবে।





**অনুচ্ছেদ-৩**

এই পেইজে Email ফিল্ডে ইমেইল আইডি (পোর্টাল লগ ইন ইউজার আইডি) টাইপ করে Send বাটনে ক্লিক করলে আপনার মেইলে পাসওয়ার্ড রিসেট এর একটি ইমেইল আসবে। এবার আপনি মেইলটি ওপেন করে পাসওয়ার্ড রিসেট করতে পারেন। পাসওয়ার্ড রিসেট পদ্ধতি অধ্যায়-২ এ আলোচনা করা হয়েছে। এবার পুনরায় রিসেটকৃত পাসওয়ার্ডটি দিয়ে লগইন করতে পারবেন।



**অনুচ্ছেদ-৪**

এই লগ ইন বক্সে আপনার E-mail এবং Password  Type করে **go** button এ ক্লিক করলে আপনি নিম্নোক্ত NPF control panel এই পেইজে চলে আসবেন।



# অধ্যায়-৪


## NPF control panel পরিচিতিঃ




এখানে horizontal (অনুভূমিক) অবস্থানে একটি কালো মেন্যু বার রয়েছে, এতে site manager, User manager নামে ড্রপ ডাউন মেন্যু রয়েছে।

### অনুচ্ছেদ-১

**Site manager:** এই ড্রপ ডাউন মেন্যু থেকে সাধারণ ইউজার হিসেবে আমাদের লাগবে “Contents, Blocks and Menus” ।






**Contents:** Contents হল কন্টেন্ট তৈরির জন্য  এক ধরনের  ফরম, অর্থাৎ প্রতিটি কন্টেন্ট টাইপে আলাদা আলাদা ভাবে কিছু ফিল্ড রয়েছে যেখানে আমরা তথ্য দিয়ে ঐ কন্টেন্ট টাইপের আদলে তথ্য উপস্থাপন করি। নির্দিষ্ট কন্টেন্ট টাইপ  দিয়ে কোন কন্টেন্ট তৈরি করার পর একটি Internal Link “/site/page/adc42745-a563-44f1-814a-50e7fb402d89” আসবে। এই Internal Link টি-ই আমাদের তথ্যকে দেখাতে বা কোন মেন্যুর রেফারেন্স লিঙ্ক হিসেবে প্রকাশ করতে সাহায্য করবে। এই Internal Link টি প্রতিটি সাইটের জন্য একটি Unique ID ।

## অনুচ্ছেদ-২

**Blocks:**


পোর্টালের ডান পাশের অংশে ছবিতে টিক চিহ্নিত  স্থানগুলো ব্লকের অন্তর্ভুক্ত।




## অনুচ্ছেদ-৩

**User manager:** ইউজার ব্যবস্থাপনা যেমনঃ ইউজার তৈরি, অনুমতি, বিভিন্ন Role(ভূমিকা) (Site Admin, Content Admin, Master trainer etc...)  সংক্রান্ত যাবতীয় কাজ করা হয় এই user manager অংশে।




# অধ্যায় -৫

# কন্টেন্ট টাইপ সম্পর্কে ধারনাঃ

**Contents:** Contents হলো কন্টেন্ট তৈরির এক ধরনের ফরম। প্রতিটি কন্টেন্ট আলাদা আলাদা ভাবে কিছু ফিল্ড রয়েছে, যেখানে তথ্য দিয়ে ঐ কন্টেন্ট টাইপের আদলে তথ্য উপস্থাপন করা হয়। নির্দিষ্ট কন্টেন্ট টাইপ দিয়ে কোন কন্টেন্ট তৈরি করার পর একটি Internal Link "/site/page/adc42745-a563-44f1-814a-50e7fb402d89" আসবে । এই Internal Link টিই পোর্টালের তথ্য দেখাতে বা কোন মেন্যুর রেফারেন্স লিঙ্ক হিসেবে প্রকাশ করতে সাহায্য করবে।

বিভিন্ন ধরনের কন্টেন্ট টাইপ রয়েছে, যেমনঃ সেবা বক্স, খবর, নোটিশ, পাতা, ব্যনার, কেন্দ্রীয় ই-সেবা, ফটো গ্যালারি, প্রকল্প, মন্ত্রীগণের প্রোফাইল, বিজ্ঞপ্তি ও প্রজ্ঞাপন ইত্যাদি......।




# নোটিশ তৈরির নিয়ম

নোটিশ তৈরির জন্য কন্টেন্ট টাইপ হলো নোটিশ। নিচে নোটিশ তৈরির ধাপ-সমূহ দেয়া হলোঃ

## অনুচ্ছেদ-১

প্রথমে পোর্টালে লগইন থাকা অবস্থায় কন্টেন্ট টাইপগুলো আনতে হবে। তার জন্য NPF control pannel থেকে 'site manager' এর ড্রপ ডাউন থেকে contents এ ক্লিক করলে একটি পেইজ আসবে। নিচের ছবির মতো -





## অনুচ্ছেদ-২

এবার নোটিশ কন্টেন্ট টাইপটির আইকনে  ক্লিক করলে নতুন একটি পেইজ আসবে ।



**অনুচ্ছেদ-৩**

এই পেইজের ডান দিকে '**Add content**' button এ ক্লিক করলে একটি পেইজ আসবে।




**অনুচ্ছেদ-৪**


নোটিশ টির Title বা শিরোনাম  বাংলা ও ইংরেজিতে লিখবো। published Date ফিল্ড এ ক্লিক করলে একটি ক্যালেন্ডার দেখাবে। সেখান থেকে নোটিশ প্রকাশের তারিখ দিবো এবং নোটিশ সম্পর্কিত যদি কোনো ফাইল থাকে সেটি আপলোড করবো। ডিফল্ট একটি ফাইল আপলোডের ফিল্ড থাকে। add button এ ক্লিক করে আরও একাধিক ফিল্ড যুক্ত করা যাবে, এবং সকল ফিল্ডে ফাইল আপলোড ও caption এ bangla ও English এ নাম দিবো, যদি কোনো নোটিশ সম্পর্কিত লিঙ্ক থাকে তাহলে সেই লিঙ্কটিকে Link ফিল্ড এ দিতে পারি। Archive Date ফিল্ড এ ক্লিক করলে একটি ক্যালেন্ডার দেখাবে। সেখান থেকে নোটিশ আর্কাইভের তারিখ দিবো এবার save দিলে নোটিশটি তৈরি হবে। এই ক্ষেত্রে লিঙ্ক কোথাও দেখাতে হবে না। এটি ডাইনামিক ভাবে প্রদর্শিত হবে।

# খবর তৈরির নিয়ম

খবর তৈরির জন্য কন্টেন্ট টাইপ হল খবর। নিচে খবর তৈরির ধাপ সমূহ দেয়া হলোঃ


## অনুচ্ছেদ-১

প্রথমে পোর্টালে লগ ইন থাকা অবস্থায় কন্টেন্ট টাইপগুলো আনতে হবে। তার জন্য NPF control pannel থেকে 'site manager' এর ড্রপ ডাউন থেকে এ ক্লিক করলে একটি পেইজ আসবে। নিচের ছবির মতো-





## অনুচ্ছেদ-২

এবার খবর কন্টেন্ট টাইপটির ডান দিকে আইকনে ক্লিক করলে নতুন একটি পেইজ আসবে ।



## অনুচ্ছেদ-৩

এবার ‘Add content’ button এ ক্লিক করলে একটি পেইজ আসবে ।





খবরটির Title বা শিরোনাম বাংলা ও ইংরেজিতে লিখব। Body অংশে খবর সম্পর্কে বাংলা ও ইংরেজিতে বিস্তারিত লিখবো, published Date ফিল্ড এ ক্লিক করলে একটি ক্যালেন্ডার দেখাবে। সেখান থেকে খবর প্রকাশের তারিখ ও আর্কাইভের তারিখ দিবো। এবার save দিলে খবরটি তৈরি হবে। এই ক্ষেত্রে লিঙ্ক কোথাও দেখাতে হবে না। এটি ডাইনামিক ভাবে প্রদর্শিত হবে খবর অংশে।

# ব্যানার তৈরির নিয়ম

**ব্যানার তৈরির জন্য কন্টেন্ট টাইপ হল ব্যানার। নিচে ব্যানার তৈরির ধাপ সমূহ দেয়া হলোঃ**


## অনুচ্ছেদ-১

প্রথমে পোর্টালে লগ ইন থাকা অবস্থায় কন্টেন্ট টাইপগুলো আনতে হবে। তার জন্য NPF control pannel থেকে ‘site manager’ এ ক্লিক করলে নিম্নরূপ একটি পেইজ আসবে।





## অনুচ্ছেদ-২

**এবার ব্যানার কন্টেন্ট টাইপটির আইকনে ক্লিক করলে নতুন একটি পেইজ আসবে।**



## অনুচ্ছেদ-৩


এবার ‘Add content’ button এ ক্লিক করলে নিম্নরূপ একটি Window আসবে ।




উপরের ছবিতে Title এর ফিল্ডে ব্যানারের নাম বাংলা ও ইংরেজিতে লিখতে হবে ।


## অনুচ্ছেদ-৪

Image অংশে প্রত্যাশিত ছবিটি আপলোড করতে হবে





## অনুচ্ছেদ-৫

তার জন্য File Name ফিল্ডের ডান দিকে ক্লিক করলেএকটি পেইজ আসবে





এই পেইজের select files.. বাটনে ক্লিক করব




## অনুচ্ছেদ-৫


একটি পেইজ আসবে । এই পেইজ থেকে আপনার মেশিনে যে ড্রাইভে ছবিটি রাখা আছে তা দেখিয়ে আপলোড করতে হবে।





## অনুচ্ছেদ-৬

ধরি My computer এ D ড্রাইভে ব্যানারের ছবি রাখা আছে । তাই My computer এ ক্লিক করে D ড্রাইভটি থেকে ছবিটি দেখিয়ে মাউস দিয়ে ডাবল ক্লিক করলে ছবিটি আপলোড হবে ।







**অনুচ্ছেদ-৭**

ছবিটি আপলোড সম্পন্ন হলে Images ফিল্ডে ছবিটির নাম দেখাবে ।




ডিফল্ট ব্যানারের ছবি আপলোড করার একটি image field থাকে । add button এ ক্লিক করে আরও একাধিক image ফিল্ড যুক্ত করা যাবে, এবং সকল ফিল্ডে ছবি আপলোড ও caption এ bangla ও English এ নাম দিয়ে save দিলে ব্যানারগুলো দেখাবে। এই ক্ষেত্রে লিঙ্ক কোথাও দেখাতে হবে না।


# <u>প্রকল্প তৈরির নিয়ম</u>

প্রকল্প তৈরির জন্য কন্টেন্ট টাইপ হল "প্রকল্প" ।

## অনুচ্ছেদ-১

কন্টেন্ট টাইপ হিসেবে প্রকল্প নির্বাচন করব।


কন্টেন্ট টাইপ হিসেবে "প্রকল্প" ওপেন করলে প্রকল্প কন্টেন্ট টাইপটি তার সকল ফর্ম ফিল্ড সহ ওপেন হবে ।




সকল ফিল্ডগুলো পূরণ করে save করতে হবে।

## অনুচ্ছেদ-২


Save করার পর নিচের ছবির মত একটি window আসবে, এবং “প্রকল্প was created succeessfully” একটি বার্তা প্রদর্শিত হবে ।




এখন এই window এর ডান দিকে লাল চিহ্নিত ‘view’ ট্যাব এ ক্লিক করলে একটি নোড পাওয়া যাবে” ।


## অনুচ্ছেদ-৩

/site/project/f921c26d-8814-4b62-a068-a8aa7a789fca” এই নোডটি ব্রাউজারের URL ঘরে দেখাবে নিচের ছবির মত ।





## অনুচ্ছেদ-৪

এখন এই url bar থেকে ওয়েবসাইট এড্রেসের পর থেকে অর্থাৎ cabinet.portal.gov.bd এর পর থেকে “/site/project/f921c26d-8814-4b62-a068-a8aa7a789fca” এই টুকুকে নোড হিসেবে নিয়ে Link 1 এর লিঙ্কে paste করব এবং বাংলা (bn) ও ইংরেজী(En) caption এর ঘরে লিঙ্কের নাম দেবো ।




## অনুচ্ছেদ-৫

এছাড়াও আমরা Link এর ঘরে প্রকল্পের জন্য নির্ধারিত ডাইনামিক কোড ব্যবহার করতে পারি । ডাইনামিক লিঙ্ক হিসেবে ডাইনামিক কোড হল “/site/view/project” ।




## অনুচ্ছেদ-৬


এই ডাইনামিক কোড দ্বারা সব গুলো প্রকল্প দেখানো যাবে, যার জন্য আলাদা ভাবে আর নোড ব্যবহার করতে হবে না, এই ডাইনামিক কোড “/site/view/project” ই প্রকল্প কন্টেন্ট দ্বারা তৈরি আলাদা আলাদা সকল প্রকল্পের আলাদা আলাদা লিঙ্কগুলোর কম্বিনেশন তৈরি করে দেখাবে। যদি শুধুমাত্র একই কন্টেন্ট টাইপ দিয়ে একটি কন্টেন্ট তৈরি করা হয় অর্থাৎ ঐ কন্টেন্ট টাইপ এর একাধিক কোন কন্টেন্ট না থাকলে সেই ক্ষেত্রে শুধু লিংকটিও দেয়া যাবে।

# পাতা তৈরির নিয়ম

পাতা একটি কন্টেন্ট টাইপ। পাতা সাধারণত ব্যবহার করা হয় কোন কন্টেন্ট এর কন্টেন্ট টাইপ না থাকলে। পাতা একটি সর্বব্যবহার্য কন্টেন্ট টাইপ। যেকোন কন্টেন্টের মতো পাতাও তৈরি করা হয়।


## অনুচ্ছেদ-১

প্রথমে site manager এর ড্রপ ডাউন থেকে contents এ ক্লিক করলে নিম্নের window টি আসবে।




## অনুচ্ছেদ-২

তারপর পাতা কন্টেন্ট টাইপ এ ক্লিক করলে নিম্নরূপ একটি নতুন window আসবে





## অনুচ্ছেদ-৩

নতুন একটি পাতা তৈরি করার জন্য ডান দিকের add content এ ক্লিক করতে হবে।

## অনুচ্ছেদ-৪

add content এ ক্লিক করলে নিম্নরূপভাবে পাতা তার সকল ফিল্ডসহ open হবে । পাতাতে সাধারণত যে ফিল্ডগুলো থাকে সেগুলো হলঃ Title, Body, Photo, Page attachment.




## অনুচ্ছেদ-৫

Title অংশে বাংলা এবং ইংরেজিতে আপনি যা তৈরি করতে চান তার নাম দিতে হবে । Body অংশে বিস্তারিত লিখতে হবে এবং photo ফিল্ডে যদি কোনো ছবি থাকে তা আপলোড করতে পারবেন । পোর্টালে ছবি আপলোডের পদ্ধতি একই ।

## অনুচ্ছেদ-৬


page attachment ফিল্ডে চাইলে ফাইল সংযুক্ত করতে পারবেন, ফাইল হতে পারে .doc, .pdf, .zip, .rar, .text এই Extenshion format এ ।

## অনুচ্ছেদ-৭

পোর্টালে যেইভাবে ছবি আপলোড করা হয় ঠিক একই উপায়ে পোর্টালে ফাইল আপলোড করা যায় । এই সম্পর্কে পূর্বে আলোচনা করা হয়েছে ।

**অনুচ্ছেদ-৮**


Save করার পর নিচের ছবির মত একটি window আসবে, এবং "পাতা" was created succeessfully" একটি বার্তা প্রদর্শিত হবে ।




এখন এই window এর ডান দিকে লাল চিহ্নিত 'view' তে ক্লিক করলে একটি নোড পাওয়া যাবে," /site/project/f921c26d-8814-4b62-a068-a8aa7a789fca"

**অনুচ্ছেদ-৯**

এই নোড টি ব্রাউজারের URL ঘরে দেখাবে নিচের ছবির মত।




**অনুচ্ছেদ-১০**

এখন এই url bar থেকে ওয়েবসাইট এড্রেসের পর থেকে অর্থাৎ bcsadmin.portal.gov.bd এর পর থেকে "/site/page/f921c26d-8814-4b62-a068-a8aa7a789fca" এই টুকুকে কপি করে ব্যবহার করা যাবে কোন কন্টেন্ট এর রেফারেন্স হিসেবে ।

**অনুচ্ছেদ-১১**


পাতা একটি Internal Link । এর কোন ডাইনামিক কোড নাই ।

# <u>মেইন মেন্যু তৈরির নিয়ম</u>

মেন্যু তৈরির জন্য কন্টেন্ট হল Menus, নিচে মেন্যু তৈরির ধাপ সমূহ দেয়া হলোঃ


**অনুচ্ছেদ-১**

প্রথমে পোর্টাল লগ ইন থাকা অবস্থায় NPF control pannel থেকে ‘site manager’ এ ক্লিক করব। এখন ড্রপ ডাউনে মেন্যু  আসবে নিচের ছবির মত করে।





**অনুচ্ছেদ-২**

এখান থেকে Menus এ ক্লিক করব। এখন মেন্যু তৈরির পেইজ চলে আসবে। নিচের ছবির মত




## অনুচ্ছেদ-৩

একসাথেই বাংলা ও ইংরেজিতে মেনু্য তৈরির কাজ করতে হয়, এখন আমি হোম নামে একটি মেনু্য তৈরি করব তার জন্য করনীয় হচ্ছে Title(bn) এর ঘরে বাংলায় লিখব প্রথম পাতা এবং Title(en) এর ঘরে লিখব Home । যেহেতু এটি প্রথম লেভেল মেনু্য অর্থাৎ এখানে কোন তথ্য দেবনা সেহেতু Link Path এর ড্রপ ডাউন থেকে front page নির্বাচন করব । front নির্বাচন করার কারণ যখন হোম মেনুতে ক্লিক করব তখন যেই পেইজেই থাকিনা কেন সরাসরি প্রথম পাতায় চলে আসব।




## অনুচ্ছেদ-৩

এবার Active এ টিক দিয়ে OK button এ ক্লিক করব । তাহলেই প্রথম লেভেল মেনু্য টি তৈরি হবে।




## অনুচ্ছেদ-৪


শুধু প্রথম পাতা মেনু্য তৈরির সময় Link Path এ front page নির্বাচন করতে হবে । অন্যান্য সকল ক্ষেত্রে ১ ম লেভেল মেনু্য এর জন্য nolink নির্বাচন করব।

## অনুচ্ছেদ-৫

এবার আরও একটি প্রথম লেভেল মেন্যু তৈরি করব এবং এর ২য় ও ৩য় লেভেল মেন্যু তৈরি করবো ধরি মেন্যুটির নাম ‘প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।


## অনুচ্ছেদ-৬

আবার একই ভাবে ১ম লেভেল মেন্যু তৈরি করবো এই ক্ষেত্রে Link path এর ঘরে no link নির্বাচন করবো। এবার Active এ টিক দিয়ে OK button এ ক্লিক করব তাহলেই প্রথম লেভেল মেন্যু টি তৈরি হবে।





## অনুচ্ছেদ-৬

এবার ১ম লেভেল মেন্যু ‘প্রাথমিক শিক্ষা অধিদপ্তর’ এর অধীনে ২য় লেভেল মেন্যু তৈরি করবো এই জন্য করনীয়ঃ ১ম লেভেল মেন্যুর মত করে একটি মেন্যু তৈরি করবো, ধরি মেন্যুটির নাম ‘প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সম্পর্কিত’ এই মেন্যুটি হচ্ছে ২য় লেভেল মেন্যু।




## অনুচ্ছেদ-৭

কিন্তু ওপরের ছবিতে দেখতে পাচ্ছি সবগুলো মেন্যু একই লম্বে অবস্থিত, অর্থাৎ সব মেন্যু ১ম লেভেলে রয়েছে । যেহেতু ‘প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সম্পর্কিত’ এই মেন্যুটি হচ্ছে ২য় লেভেল মেন্যু কিন্তু এটি ১ম লেভেলে রয়েছে তাই এটিকে ২য় লেভেল মেন্যুতে নিতে হলে মেন্যুটির উপর মাউস নিয়ে বাম বাটন চেপে ধরে  ডান দিকে ১ বার ড্রাগ বা সরাতে হবে । নিচের চিত্রের মত করে।





তাহলেই ১ম লেভেল মেন্যুর নিচে ২য় লেভেল মেন্যু তৈরি হবে।

## অনুচ্ছেদ-৮


এবার ১ম লেভেল মেন্যু 'প্রাথমিক শিক্ষা অধিদপ্তর' এর অধীনে ২য় লেভেল মেন্যু "প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সম্পর্কিত" এর অধীনে ৩য় লেভেল মেন্যু তৈরি করবো এই জন্য করণীয় হচ্ছে

১ম লেভেল মেন্যুর মত করে একটি মেন্যু তৈরি করবো। ধরি মেন্যুটির নাম 'ইতিহাস'। এই মেন্যুটি হচ্ছে ৩য় লেভেল মেন্যু। ৩য় লেভেল মেন্যু তৈরির সময় Link path এর ঘরে content reference নির্বাচন করব।





## অনুচ্ছেদ-৯

এবার Link path এর নিচে যে খালি ফিল্ডটি রয়েছে সেখানে তথ্যের লিঙ্ক দেবো। তার জন্য সংশ্লিষ্ট কন্টেন্ট টাইপ বা পাতা দিয়ে তৈরি কন্টেন্টের লিঙ্ক("/site/page/adc42745-a563-44f1-814a-50e7fb402d89) টি দেবো।



## অনুচ্ছেদ-১০


এবার Active এ টিক দিয়ে OK button এ ক্লিক করব। তাহলেই মেনু্য টি তৈরি হবে।




উপরের চিত্রে দেখা যাচ্ছে "ইতিহাস" নামের মেনুটি ১ম লেভেল মেন্যুতে কিন্তু এই মেনুটি হবে ৩য় লেভেলে।

## অনুচ্ছেদ-১১

'ইতিহাস' মেন্যুটির উপর মাউস নিয়ে বাম বাটন চেপে ধরে ডান দিকে ২ বার ড্রাগ বা সরাতে হবে। নিচের চিত্রের মত করে।




এভাবে ২য় লেভেল মেন্যুর নিচে ৩য় লেভেল মেন্যু তৈরি হবে।

## অনুচ্ছেদ-১২

এভাবে সকল মেন্যু তৈরি করে save All বাটন এ ক্লিক করলে মেনুগুলো তৈরির প্রক্রিয়া সম্পন্ন হবে।

# সেবা বক্স তৈরির নিয়ম

**সেবা বক্সঃ** সেবা বক্স তৈরি করার জন্য নির্ধারিত কন্টেন্ট হলো সেবা বক্স।


**অনুচ্ছেদ-১**

প্রথমে site manager এর ড্রপ ডাউন থেকে **contents এ ক্লিক করলে** নিম্নের window টি আসবে ।




**অনুচ্ছেদ-২**

উপরের **content type** পেইজ হতে সেবা বক্স আইকনে ক্লিক করলে নিম্নের চিত্রের মতো একটি Window আসবে




## অনুচ্ছেদ-৩

তারপর সেবা বক্স কন্টেন্ট টাইপ এর ডান দিকে Actions এর ঘরে ক্লিক করলে নিম্নরূপ একটি নতুন window আসবে। নতুন একটি সেবা বক্স তৈরি করার জন্য ডান দিকের add content এ ক্লিক করতে হবে।

## অনুচ্ছেদ-৪

add content এ ক্লিক করলে নিম্নরূপভাবে সেবা বক্সটি তার সকল ফিল্ড সহ open হবে




উপরের ছবির লাল রঙের অংশগুলো পূরণ করতে হবে।

## অনুচ্ছেদ-৫

Title এর ফিল্ডে সেবা বক্সের নাম বাংলা ও ইংরেজিতে লিখতে হবে, যেমনঃ সেবা বক্সটির নাম "তথ্য ও সেবা"।


## অনুচ্ছেদ-৬

Image অংশে প্রত্যাশিত ছবিটি আপলোড করতে হবে ।





## অনুচ্ছেদ-৭

এ জন্য File Name ফিল্ডের ডান দিকে ক্লিক করলে একটি পেইজ আসবে ।





## অনুচ্ছেদ-৮

এই পেইজের select files.. বাটনে ক্লিক করব




## অনুচ্ছেদ-৯


একটি পেইজ আসবে । এই পেইজ থেকে আপনার মেশিনে যে ড্রাইভে ছবিটি রাখা আছে তা দেখিয়ে আপলোড করতে হবে।




# অনুচ্ছেদ-১০

ধরি My computer এ D ড্রাইভে ব্যানারের ছবি রাখা আছে, তাই My computer এ ক্লিক করে D ড্রাইভটি থেকে ছবিটি দেখিয়ে মাউস দিয়ে ডাবল ক্লিক করলে ছবিটি আপলোড হবে ।




**অনুচ্ছেদ-১১**

ছবিটি আপলোড সম্পন্ন হলে Images ফিল্ডে ছবিটির নাম দেখাবে ।





**অনুচ্ছেদ-১২**

প্রতিটি সেবা বক্সে চারটি করে লিঙ্ক যুক্ত করা যায় ।



## অনুচ্ছেদ-১৩

উপরের ছবিটি পোর্টালের প্রথম view পেইজ, অর্থাৎ সেবাবক্স লিঙ্ক সহ তৈরির পর উপরের ছবির মত দেখাবে, কিন্তু এডিট মোডে অর্থাৎ সেবা বক্স তৈরি করার সময় আরেক ভাবে প্রদর্শিত হবে নিচের ছবির মত করে ।



## অনুচ্ছেদ-১৪

Link 1, Link 2, Link 3 and Link 4 লিঙ্কগুলোর নাম কি হবে তা নির্ধারণ করে দিতে হবে । এখন আমি Link1 এর ঘরে তথ্য দিতে চাই । যেমনঃ কোন সেবা বক্সের একটি লিঙ্কের নাম প্রকল্পসমূহ । এর জন্য কন্টেন্ট টাইপ হল "প্রকল্প"।


## অনুচ্ছেদ-১৫

কন্টেন্ট টাইপ হিসেবে প্রকল্প নির্বাচন করব।

সেবা বক্স কন্টেন্ট টাইপ যেই ভাবে ওপেন করেছি ঠিক একই উপায়ে প্রকল্প কন্টেন্ট টাইপটি ওপেন করতে হবে, যা পুর্বে আলোচনা করা হয়েছে।


## অনুচ্ছেদ-১৬

কন্টেন্ট টাইপ হিসেবে "প্রকল্প" ওপেন করে তার সকল ফিল্ডসমূহ পূরণ করে save করতে হবে।




## অনুচ্ছেদ-১৭

Save করার পর নিচের ছবির মত একটি window আসবে এবং “প্রকল্প was created succeessfully” এবং একটি বার্তা প্রদর্শিত হবে ।





## অনুচ্ছেদ-১৮

এখন এই window এর ডান দিকে লাল রঙের ‘view’ তে ক্লিক করলে একটি নোড পাওয়া যাবে,” /site/project/f921c26d-8814-4b62-a068-a8aa7a789fca” । এই নোডটি ব্রাউজারের URL ঘরে দেখাবে নিচের ছবির মত।





## অনুচ্ছেদ-১৯

এখন এই url bar থেকে ওয়েবসাইট এড্রেসের পর হতে অর্থাৎ cabinet.portal.gov.bd এর পর থেকে “/site/project/f921c26d-8814-4b62-a068-a8aa7a789fca” এই টুকুকে নোড হিসেবে নিয়ে Link 1 এর লিঙ্কে paste করব এবং বাংলা (bn) ও ইংরেজী(En) caption এর ঘরে লিঙ্কের নাম দেবো ।




## অনুচ্ছেদ-২০

এছাড়া ও আমরা Link এর ঘরে প্রকল্পের জন্য নির্ধারিত ডাইনামিক কোড ব্যবহার করতে পারি । ডাইনামিক লিঙ্ক হিসেবে ডাইনামিক কোড হল “/site/view/project”।




## অনুচ্ছেদ-২১

এই ডাইনামিক কোড দ্বারা সব গুলো প্রকল্প দেখানো যাবে, যার জন্য আলাদা ভাবে আর নোড ব্যবহার করতে হবে না, এই ডাইনামিক কোড “/site/view/project” ই প্রকল্প কন্টেন্ট দ্বারা তৈরি আলাদা আলাদা সকল প্রকল্পের আলাদা আলাদা লিঙ্কগুলোর কম্বিনেশন তৈরি করে দেখাবে। যদি শুধুমাত্র একই কন্টেন্ট টাইপ দিয়ে একটি কন্টেন্ট তৈরি করা হয় অর্থাৎ ঐ কন্টেন্ট টাইপ এর একাধিক কোনো কন্টেন্ট না থাকলে সেই ক্ষেত্রে শুধু লিংকটি দেয়া যাবে। এছাড়া external link ([www.infokosh.gov.bd](http://www.infokosh.gov.bd)) ও ব্যবহার করা যাবে সেবা বক্সের Link ফিল্ডে।

## অনুচ্ছেদ-২২

এই ভাবে বাকী ৩ টি লিঙ্ক নির্ধারিত কন্টেন্ট টাইপ অনুযায়ী তৈরি করতে পারবেন।

চারটি লিঙ্ক  তৈরি করা শেষ হলে save দেয়ার পূর্বে সেবা বক্সটিকে পজিশনিং করতে হবে, অর্থাৎ সেবা বক্সটি কত নাম্বার সিরিয়ালে হবে, তার জন্য Box Order ফিল্ডে নাম্বারটি দিতে হবে, নাম্বারটি অবশ্যই ইংরেজী নিউমেরিক হবে, অর্থাৎ 1,2,3…।




save করলেই “তথ্য ও সেবা’ নামে সেবা বক্স তৈরির সকল প্রক্রিয়া সম্পন্ন হবে এবং সেবা বক্স টি দেখাবে। এই ক্ষেত্রে লিঙ্ক কোথাও দেখাতে হবে না। এটি ডাইনামিক ভাবে প্রদর্শিত হবে ।

## অনুচ্ছেদ-২৩

Short note:

Internal Link: যেকোন কন্টেন্ট টাইপ দিয়ে কন্টেন্ট তৈরি করলে ঐ কন্টেন্টের একটি লিঙ্ক ব্রাউজারে পোর্টাল ওয়েব এড্রেসের সাথে পাওয়া যাবে ঐ লিংকটিই হল Internal Link. ,

” /site/project/f921c26d-8814-4b62-a068-a8aa7ab589fca”



অধ্যায় ৬

## Blocks পরিচিতি

**Blocks:**


পোর্টালের ডান পাশের অংশে ছবিতে টিক চিহ্নিত  স্থান গুলো ব্লকের অন্তর্ভুক্ত।



**অনুচ্ছেদ-১**

চিত্রে দেখতে পাচ্ছি প্রতিটি ব্লকের Region এক অর্থাৎ Region: right side bar । এই ব্লকগুলো তৈরির জন্য আলাদা আলাদা কন্টেন্ট টাইপ রয়েছে। যেমনঃ

অভ্যন্তরীণ ই-সেবা





গুরুর্তপূর্ন  লিংক



**অনুচ্ছেদ-২**

প্রতিটি ব্লক তৈরির পদ্ধতি একই, তবে কিছু কিছু ক্ষেত্রে সামান্য ব্যতিক্রম, যদি cabinet পোর্টাল বিবেচনা করি পোর্টালটির ডান পাশে যেকয়টি ব্লক রয়েছে তার তিনটি তৈরি হয়েছে কন্টেন্ট টাইপ ছাড়া, এবং বাকী দুইটি তৈরি হয়েছে ব্লক ও কন্টেন্ট টাইপের কম্বিনেশনে।




যেমনঃ

মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব ও গুরুত্বপূর্ণ লিংক এই ব্লক তিনটি তৈরি হয়েছে শুধু Blocks দিয়ে।

**অনুচ্ছেদ-৩**

অভ্যন্তরীন ই-সেবা ও কেন্দ্রীয় ই-সেবা তৈরি হয়েছে কন্টেন্ট টাইপ এবং Blocks এর কম্বিনেশনে।

# Blocks তৈরির নিয়ম

**অনুচ্ছেদ-১**

Blocks তৈরির জন্য প্রথমে Site manager ড্রপ ডাউন থেকে Blocks ক্লিক করতে হবে।




**অনুচ্ছেদ-২**


Blocks এ ক্লিক করলে একটি পেইজ আসবে




ওপরের ছবিতে দেখা যাচ্ছে ৫ টি region রয়েছে। আমরা ডান পাশের region নিয়ে কাজ করব অর্থাৎ Right region।

**অনুচ্ছেদ-৪**

এখন উপরের ছবিতে লাল রঙের “create Block” বাটনে ক্লিক করলে নিচের মতো করে একটি পেইজ আসবে।




**এই পেইজটিই ব্লক তৈরির জন্য ব্যবহৃত হবে।**

**অনুচ্ছেদ-৫**

শুধু Blocks দিয়ে Blocks তৈরির পদ্ধতিঃ

ধরি, 'মন্ত্রিপরিষদ সচিব' নামে একটি ব্লক তৈরি করবো, এই জন্য Blocks ওপেন করলে যে পেইজটি আসবে সেখানে Title ফিল্ডে লিখব 'মন্ত্রিপরিষদ সচিব', Bn and EN ফিল্ডে লিখব 'মন্ত্রিপরিষদ সচিব'।

**অনুচ্ছেদ-৫(ক)**

Title অংশে বাংলা এবং ইংরেজিতে লিখব 'মন্ত্রিপরিষদ সচিব' । সর্বশেষ Body অংশে 'মন্ত্রিপরিষদ সচিব' ছবি সম্বলিত বানী দিয়ে save বাটনে ক্লিক করলে 'মন্ত্রিপরিষদ সচিব' নামে Blocks টি save হবে।




**অনুচ্ছেদ-৫(খ)**

এখন এই Blocks কে Region এ নিতে হবে। ডিফল্ট হিসেবে No Region এ থাকে। Region এ নেয়ার জন্য করণীয়ঃ

**অনুচ্ছেদ-৫(গ)**

এই Blocks টি বসবে Right region এর নিচে। তাই মাউসের কার্সরটি 'মন্ত্রিপরিষদ সচিব' এর উপরে নিয়ে ক্লিক করে ধরে ওপরে ড্রাগ করে নিয়ে Right region এর নিচে বসাতে হবে।




ওপরের ছবিতে দেখা যাচ্ছে 'মন্ত্রিপরিষদ সচিব' নামের Blocks টি Right region এর নিচে।

**অনুচ্ছেদ-৫(ঘ)**

এইভাবে বাকী Blocks গুলো তৈরি করে Save Blocks বাটনে ক্লিক করলেই Blocks গুলো তৈরি হবে।

**Blocks ও Content Type দিয়ে Blocks তৈরির পদ্ধতিঃ**

**অনুচ্ছেদ-১**

‘অভ্যন্তরীণ ই-সেবা’ নামে একটি ব্লক তৈরি করবো। Title অংশে বাংলা এবং ইংরেজিতে লিখব ‘অভ্যন্তরীণ ই-সেবা’’। Templete Block থেকে নির্বাচন করতে হবে “Internal_esrevice”।save বাটনে ক্লিক করলে ‘অভ্যন্তরীণ ই-সেবা’ নামে Blocks টি save হবে। এই ক্ষেত্রেও Region হবে Right Region।




এই ভাবে বাকী Blocks গুলো তৈরি করতে হবে।

**অনুচ্ছেদ-১(ক)**

যেহেতু আমরা ‘অভ্যন্তরীণ ই-সেবা’ নামে Blocks তৈরি করবো সেহেতু এর জন্য কন্টেন্ট টাইপ হলো ‘অভ্যন্তরীণ ই-সেবা’ ।

**অনুচ্ছেদ-১(খ)**

এবার কন্টেন্ট টাইপটি দিয়ে কন্টেন্ট তৈরি করবো। কন্টেন্ট টাইপ দিয়ে কন্টেন্ট তৈরি করলে স্বয়ংক্রিয় ভাবে ‘অভ্যন্তরীণ ই-সেবা’ নামে Blocks এ দেখাবে । প্রথমে ৫ টি দেখাবে, বাকী গুলো সকল বাটনে ক্লিক করলে দেখাবে ।